

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রীর মৃত্যুতে শিক্ষামন্ত্রীর শোক

ঢাকা, ১৬ ডিসেম্বর ২০১৭

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মোহাম্মদ ছায়েদুল হকের মৃত্যুতে গভীর শোক ও দৃঢ় প্রকাশ করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

আজ এক শোকবার্তায় শিক্ষামন্ত্রী বলেন, মরহুম ছায়েদুল হক জনদরদী ও গণমানুষের নেতা ছিলেন। তিনি আজীবন মানুষের জন্য কাজ করেছেন। তাঁর মৃত্যুতে দেশ একজন নিবেদিতপ্রাণ রাজনৈতিক কর্মীকে হারালো। তাঁর অভাব সহজে পূরণ হবার নয়।

শিক্ষামন্ত্রী মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য, আজ সকালে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাধীন অবস্থায় ছায়েদুল হক মৃত্যুবরণ করেন।